

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪১৪

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَنْ الرَّبِيعِ بِنْتِ مَعُودٍ: أَنَّهَا رَأَتْ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّأُ قَالَتْ فَمَسَحَ رَأْسَهُ  
مَا أَقْبَلَ مِنْهُ وَمَا أَدْبَرَ وَصُدَّغِيهِ وَأُذُنِيهِ مَرَّةً وَاحِدَةً  
وَفِي رِوَايَةٍ أَنَّهُ تَوَضَّأَ فَأَدْخَلَ أُصْبُعِيهِ فِي جُحْرِي أُذُنِيهِ. رَوَاهُ أَبُو دَاوُدَ  
وَرَوَى التِّرْمِذِيُّ الرَّوَايَةَ الْأُولَى وَأَحْمَدُ وَابْنُ مَاجَهَ الثَّانِيَةَ

বাংলা

৪১৪-[২৪] রুবাযিয়াই বিনতু মু'আব্বিয় (রাঃ)হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উযূ (ওযু/ওজু/অজু) করতে দেখেছেন। তিনি বলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মাথা মাসাহ করলেন সামনের দিক ও পেছনের দিক (অর্থাৎ গোটা মাথা), দুই কানের পার্শ্ব ও দুই কান একবার করে।

অপর বর্ণনায় আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) উযূ করলেন এবং দুই আঙ্গুল দুই কানের ছিদ্রে ঢুকালেন।[১]

তিরমিযী প্রথম রিওয়াযাতটি এবং আহমাদ ও ইবনু মাজাহ দ্বিতীয় রিওয়াযাতটি বর্ণনা করেছেন।

ফুটনোট

[১] হাসান : আবু দাউদ ১২৯, ১৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: দু'টি হাদীস শুধু বুখারী এককভাবে বর্ণনা করেছেন। আর তাঁর থেকে একদল লোক বর্ণনা করেন। মাথার সামনের দিক (বা অংশ) থেকে তার মাথার শেষের অংশ পর্যন্ত মাসাহ করেছেন। অতঃপর তার হস্তদ্বয় ফিরান মাথার পিছন থেকে তার মাথার সামনের দিকে পর্যন্ত। তার দু' কর্ণ ও চোখের মধ্যবর্তী স্থান সহ মাসাহ করেন।

হাদীসটি চোখ ও কানের মধ্যবর্তী স্থান মাথা সহ একবার মাসাহ করার হুকুম শারী'আত সম্মত হিসেবে নির্দেশ করে।

আবু দাউদ-এর বর্ণনায় রয়েছে, তিনি তার আঙ্গুলদ্বয় মাথা মাসাহ করার সময় এবং পরে তার উভয় কানের ছিদ্রের মধ্যে প্রবেশ করেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54973>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন